মেহেরপুরে জমে উঠেছে গরিবের সুপার মার্কেট

মেহেরপুরে শুরু হয়েছে শীতের তীব্রতা। শীত শুরু হওয়ার সাথে সাথে শীতের পোশাক কেনারও ধুম পড়েছে পোশাক বাজারে। উচ্চবিত্তরা বড় বড় মার্কেটে ছুটলেও মধ্যবিত্ত ও নিম্নবিত্তরা ছুটছে পুরাতন পোশাকের দোকান গুলোতে।

গরীবের সুপার মার্কেট খ্যাত পৌর গরুর হাট সংলগ্ন পুরাতন পোশাকের দোকান গুলো ইতোমধ্যে বেশ জমে উঠেছে। সপ্তাহে দুইদিন (শুক্রবার ও মঙ্গলবার) রাস্তার দুইপাশে প্রায় ৩৫টি দোকানে বিক্রি হচ্ছে পুরাতন সব পোশাক। দিনের শুরুতে এইসব দোকান গুলো খোলা হলেও বেচাকেনা শেষে সন্ধ্যার পর পরই এগুলো আবার বাড়ি নিয়ে যায় বিক্রেতারা। এ সকল দোকান গুলোতে নিন্ম আয়ের মানুষ থেকে শুরু করে মধ্যবিত্তরা ভিড় জমাচ্ছে।

শুক্রবার বিকালে সরজমিনে গিয়ে দেখা যায়, দেশী বিদেশী পুরোনো বাহারি সব পোশাকে সাজানো এইসব দোকান গুলো। একদাম-একদর, দেখে নিন-বেছেনিন, আগে আসলে আগে পাবেন এই ধরনের হরেক রকম স্লোগানে ক্রেতাদের আকৃষ্টি করার চেষ্টা করছে বিক্রেতারা।

৪০-৫০টাকা থেকে শুরু করে ৫০০-৬০০ টাকা পর্যন্ত বিক্রি করছে পোশাক গুলো। সোয়েটার, জ্যাকেট, কোর্ট, ব্লেজার, গেঞ্জিসহ বিভিন্ন পোশাকের দিকে ঝুঁকছে মানুষ। তবে বেশি বিক্রি হচ্ছে সোয়েটার ও জ্যাকেট।

চকশ্যাম নগর থেকে আসা হাসিব শুক্রবার গরুরহাট সংলগ্ন পুরাতন পোশাকের দোকানে এসেছে পোশাক কিনতে। কথা হলো তার সাথে। কয়টা পোশাক কিনলেন জানতে চাইলে, বেশ স¦◌াচ্ছন্দ্যেই উত্তর দিলেন, তিনটা কিনেছি। আগামী সপ্তাই আবার আসবো। বেশ ভালো ভালো পোশাক পাওয়া যাচ্ছে কম দামে। যেগুলো দোকান থেকে কিনলে তার দাম ডাবল হতো।
গাংনী উপজেলার রাশেদুল ইসলাম হিরক দোকান দিয়েছেন গরুর হাট এলাকায়, তিনি বলেন প্রতি বছর শীতের মৌসুমে আমি ব্যবসা করি। শীত মৌসুমে ব্যবসায় লাভ ভালো হয়। তবে এবার দাম বেশি নেওয়ায় আমাদের বিক্রি করতে হচ্ছে বেশি দামে।

অপর ব্যবসায়ী মহর আলী বলেন, ঢাকা, চট্টগ্রাম এলাকা থেকে এসব পোশাক আসে। পোশক গুলো বেশির ভাগই বিদেশী। আমরা কিনে আনি দ্বিতীয় পাটির কাছ থেকে। আমরা কুষ্টিয়া থেকে এসব পোশাক সংগ্রহ করি। প্রতি গাইটে ২-৩ হাজার টাকা লাভ হয়। আবার যদি পোশাক খুব ভালো হয়ে যায় সেক্ষেত্রে লাভের পরিমাণটাও বেশি হয়ে যায়।

এছাড়াও মেহেরপুর শহরের পৌর এলাকা থেকে শুরু করে কোর্টমোড় পর্যন্ত প্রায় ১০ জায়গায় ফুটপাতের উপর বসেছে পুরাতন পোশাকের ছোট ছোট অস্থায়ী দোকান, তাছাড়াও শহরের সজীব প্লাজা, মাফিন ফ্যাশান, শহীদ রিপন টাওয়ার, মানিক মিয়া টাওয়ার, হুদা প্লাজা, মোহাম্মদ আলী মার্কেটসহ সবকটি মার্কেটেই সকাল থেকে মধ্যরাত পর্যন্ত শীতের পোশাক কিনতে ক্রেতারা ভিড় করছেন।

আলমডাঙ্গার খাদিমপুরে পুকুরের কচুরিপানার নিচ থেকে আলমঙ্গীর গলিত লাশ উদ্ধার

আলমডাঙ্গার খাদিমপুর গ্রামের একটি পুকুরের কচুরিপানার নিচ থেকে গলিত একজনের লাশ উদ্ধার করা হয়েছে। পচেগলে যাওয়ায় লাশটি শনাক্ত করা যায়নি। তবে দুই মাস আগে নিখোঁজ হওয়া খাদিমপুর গ্রামের আলমঙ্গীর হোসেনের লাশ বলে ধারণা করছে পুলিশ।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, খাদিমপুর গ্রামের উজ্জ্বল হোসেনের পুকুরে মাছ ধরার আগে কচুরিপানা পরিস্কার করার সময় গলিত ও লাশ চোখে পড়ে। পুলিশ খরব পেয়ে লাশটি উদ্ধার করে মর্গে পাঠায়।

জানা গেছে, গত ১০ অক্টোবর খাদিমপুর গ্রামের কাতব আলীর ছেলে আলমঙ্গীর হোসেন হঠাৎ করে নিখোঁজ হন। তাকে অনেক খোঁজাখুজি করে না পেয়ে ২১ নভেম্বর তাঁর বড়ভাই জাহাঙ্গীর হোসেন আলমডাঙ্গা থানায় একটি জিডি করেন। এরপর থেকে আলমঙ্গীর হোসেনের কোন খোঁজ মেলেনি। শুক্রবার দুপুরে পুকুরের কচুরিপানার নিচে গলিত লাশ পাওয়া যাওয়ায় লাশটি আলমঙ্গীর হোসেনের বলেই ধারণা করা হচ্ছে।

জাহাঙ্গীর হোসেন অভিযোগ করে জানান, খাদিমপুর গ্রামের আব্দুর রশিদের ছেলে শিপন আলমঙ্গীরকে হত্যা করে গুম করে থাকতে পারে। কারণ হিসেবে তিনি উল্লেখ করেন, আলমঙ্গীর গরু তাজামোটা করণের ব্যবসা করতো। তার কাছে সব সময় টাকা থাকতো। আলমঙ্গীর নিখোঁজের পরদিন শিপন একটি মেয়েকে ভাগিয়ে নিয়ে যাওয়ার সময় পুলিশের হাতে ধরা পড়ে। এসময় তার কাছে নগদ ৫৬ হাজার টাকাও উদ্ধার হয়। শিপন পরিকল্পিতভাবে আলমঙ্গীরকে হত্যা করে কচুরিপানার নিচে গুম করে রাখে বলে জাহাঙ্গীরের অভিযোগ।
আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ আলমঙ্গীর কবির জানান, এটা পরিকল্পিত হত্যাকান্ড। লাশের ডিএনএ টেস্ট করার পর জানা যাবে মৃত দেহটি আলমঙ্গীরের কি না। তবে পুলিশ এ বিষয়ে তদন্তের কাজ শুরু করেছে।

মুজিবনগরে মিথ্যা মামলায় ৫ম স্বামীকে ফাসানোর চেষ্টা

নাসিমা খাতুন। মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের মৃত আবেদ আলীর মেয়ে। একে একে বিয়ে করেন ৫ জনের সাথে। পূর্বের স্বামীদের তালাকের বিনিময়ে মোটা অংকের টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ আছে তার বিরুদ্ধে। সর্বশেষ স্বামী হিসেবে ধরেন একই উপজেলার ভবেরপাড়া গ্রামের আবুল হোসেনের ছেলে বাসের হেলপার আতিয়ার রহমানকে। এখানেও ঝামেলা করে নাসিমা খাতুন। মেহেরপুর জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট(১) আদালতে যৌতুক নিরোধ আইনে মামলা দায়ের করেন স্বামী আতিয়ার রহমানের বিরুদ্ধে। মেহেরপুর প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেট বেগম রাফিয়া সুলতানা মামলাটি খারিজ করে দেন। পরে ২০১৯ সালের ২৯ মে উভয় পক্ষের সাক্ষরিত একটি আপোস মিমাংশা করা হয়।

এ বিষয়ে আতিয়ার রহমান বলেন, নাসিমা খাতুন বিভিন্ন লোকের প্ররোচনায় ও অর্থ প্রাপ্তির লোভে বিভিন্ন জায়গায় আমার নামে অপপ্রচার চালাচ্ছে। সেই সাথে পুনরায় সে আদালতে মামলা দায়ের করেছে এবং আমাকে প্রতিনিয়ত নানা রকম হুমকি দিয়ে আসছে। এ বিষয়ে পূর্বের স্বামীদের নানা অভিযোগ থাকলেও তারা তাদের সম্মান হানীর ভয়ে কেও

মুখ খুলতে চাচ্ছেনা।

আনন্দবাস গ্রামের ইউপি সদস্য আনারুল ইসলাম জানান, তার একাধিক স্বামী ছিল। সে মেয়ে আচারণ ভালো না। তার বিরুদ্ধেই মামলা দায়ের করা দরকার। এ বিষয়ে নাসিমা খাতুনের সাথে যোগাযোগ করা হলে তার ফোন বন্ধ পাওয়া যায়।

মেহেরপুরে মেয়র কাপ ক্রিকেট টুর্ণামেন্ট খেলার উদ্বোধন

মুজিব জন্মশতবর্ষে বিজয়র মাস উদযাপন উপলক্ষে মেহেরপুরে “মেয়র কাপ-২০” ক্রিকেট টুর্ণামেন্ট খেলার উদ্বোধন করা হয়েছে।

শুক্রবার সকালে মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের মাঠে খেলার উদ্বোধন করেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের সাবেক প্রশাসক এ্যাড. মিয়াজান আলী, উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড. ইয়ারুল ইসলাম, জেলা আওয়ামীলীগের সাবেক শিক্ষা বিষয়ক সম্পাদক আব্দুল মান্নান প্রমূখ।

উদ্বোধনী খেলায় অংশগ্রহন করে পৌরসভার ২ নং ওয়ার্ডের অসম্প্রদায়িক একাদশ ও ৭ নং ওয়ার্ডের সেভেন টাইগার একাদশ। পৌরসভার ৯টি ওয়ার্ডের খেলোয়াড় নিয়ে তিনটি গ্রুপে এ খেলা অনুষ্ঠিত হবে। খেলায় কোচের দায়িত্বে আছেন জেলা ক্রিকেট কোচ হাসানুজ্জামান হিলন। এসময় পৌর কাউন্সিলরগন ও শতশত দর্শক খেলাটি উপভোগ করেন।

কালীগঞ্জে পৌর নির্বাচন স্থানীয় ভাবে মনোনয়ন পেলেন আশরাফুল আলম আশরাফ

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভার প্রার্থী বাছাইয়ে পৌর আলীগের উদ্যোগে জরুরী সভা অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে বৃহস্পতিবার রাতে পৌর আ’লীগের ভারপ্রাপ্ত সভাপতি ফরিদ উদ্দীনের সভাপতিত্বে সংগঠনটির ভূষন রোডস্থ কার্যালয়ে দলটির নীতি নির্ধারনী ফোরামের এক জরুরী সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন স্থানীয় সাংসদ ও কালীগঞ্জ উপজেলা আ’লীগের সাধারন সম্পাদক আনোয়ারুল আজিম আনার। আরও উপস্থিত ছিলেন উপজেলা আ’লীগের সাবেক সভাপতি উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিক ঠান্ডু, সাধারন সম্পাদক ইসরাইল হোসেন, সাংগাঠনিক সম্পাদক এ্যাড- মতিয়ার রহমান মতি, উপজেলা ভাইস চেয়ারম্যা শিবলী নোমানীসহ উপজেলা ও পৌর আ’লীগের অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ। এছাড়াও সকল ইউনিয়নের চেয়ারম্যানবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় নেতৃবৃন্দের উপস্থিতিতে বর্তমান মেয়র আশরাফুল আলম আশরাফ, আ’লীগ নেতা এ্যাড- মতিয়ার রহমান মতি,জেলা পরিষদের সদস্য যুবলীগ নেতা জাহাঙ্গীর হোসেন সোহেল,রেজ্উাল ইসলাম রেজা কাউন্সিলর, স্বাস্থ্য ও জনসংখ্যা বিষযক সম্পাদক প্রশান্ত খাঁ দলীয় মনোনয়ন চেয়ে তাদের বক্তব্য উপস্থাপন করেন। এরপর সিনিয়র নেতৃবৃন্দের দীর্ঘ আলোচনার পর সর্ব সম্মতিক্রমে স্থানীয়ভাবে বর্তমান মেয়র আশরাফুল আলম আশরাফের নাম পুনরায় ঘোষনা করেন। সভায় দলীয় এ সিদ্ধান্ত রেজুলেশনের মাধ্যমে তার নাম জেলা আ’লীগ ও কেন্দ্রিয় কার্যালয়ে পাঠানোর সিদ্ধান্ত নেয়া হয়।

বসল ৪০তম স্প্যান, দৃশ্যমান ৬ কিলোমিটার

শুক্রবার মাওয়া প্রান্তে বসল পদ্মা সেতুর ৪০তম স্প্যান, দৃশ্যমান হলো ৬ কিলোমিটার। ছবি-যুগান্তর
পদ্মা সেতুর ৪০তম স্প্যান বসানোর মধ্য দিয়ে দৃশ্যমান হলো সেতুর ছয় হাজার মিটার অর্থাৎ ছয় কিলোমিটার অবকাঠামো।

শুক্রবার সকাল ১০টা ৫৮ মিনিটে মুন্সীগঞ্জের মাওয়া প্রান্তের মাঝ নদীতে সেতুর ১১ ও ১২ নম্বর খুঁটির ওপর বসানো হয় স্প্যানটি।

৩৯তম স্প্যান বসানোর সাত দিনের মাথায় বসানো হলো ৪০তম স্প্যানটি। ৬.১৫ কিলোমিটারের মূল সেতুতে ৪১টি স্প্যানের মধ্যে বাকি রইল আর মাত্র একটি।

পদ্মা সেতুর নির্বাহী প্রকৌশলী (মূল সেতু) দেওয়ান আবদুল কাদের যুগান্তরকে জানান, বৃহস্পতিবার মুন্সীগঞ্জের লৌহজং উপজেলার কুমারভোগ কনস্ট্রাকশন ইয়ার্ড থেকে ১৫০ মিটার দৈর্ঘ্যর স্প্যানটি বহন করে ভাসমান ক্রেন তিয়াইন-ই নির্ধারিত খুঁটির কাছে নিয়ে নোঙর করে রাখা হয়েছিল। বাকি ছিল শুধু স্প্যানটি ওপরে তোলে বসানোর কাজ। শুক্রবার সকাল ৯টা ২০মিনিটে স্প্যানটি ওপরে তোলার কাজ শুরু হয়। এরপর ইঞ্চি মেপে নির্ধারিত পিয়ারের ওপর ভূমিকম্প সহনশীল বিয়ারিং ধীরে ধীর বসানো হয়। পুরো কাজ শেষ করতে সময় লাগে ২ ঘণ্টার মতো।

৪০তম স্প্যানটি বসে যাওয়ায় এখন ১২ ও ১৩ নম্বর পিয়ারে সর্বশেষ ৪১তম স্প্যান ‘২-এফ’ বসানোর পরিকল্পনা রয়েছে প্রকৌশলীদের। আগামী ১৬ ডিসেম্বর মধ্যে বাকি থাকা স্প্যানটি বসানো হতে পারে বলে সংশ্লিষ্ট একাধিক সূত্রে জানা গেছে।

এদিকে স্প্যান বাসানো ছাড়াও অন্যান্য কাজও এগিয়ে চলেছে। এর মধ্যে সেতুতে ১৮ শতাধিক রেলওয়ে ও ১২ শতাধিক রোডওয়ে স্ল্যাব বসানো হয়েছে।

২০১৪ সালের ডিসেম্বরে পদ্মা সেতুর নির্মাণকাজ শুরু হয়। ২০১৭ সালের ৩০ সেপ্টেম্বর ৩৭ ও ৩৮ নম্বর খুঁটিতে প্রথম স্প্যান বসানোর মধ্য দিয়ে দৃশ্যমান হয় পদ্মা সেতু। এর পর একে একে বসানো

হয় ৪০টি স্প্যান। এতে দৃশ্যমান হয়েছে সেতুর ছয় কিলোমিটার। ৪২টি পিলারে ১৫০ মিটার দৈর্ঘ্যের ৪১টি স্প্যান বসিয়ে ৬ দশমিক ১৫ কিলোমিটার দীর্ঘ পদ্মা সেতু নির্মাণ করা হচ্ছে।

সবকটি পিয়ার এরই মধ্যে দৃশ্যমান হয়েছে। মূল সেতু নির্মাণের জন্য কাজ করছে চীনের ঠিকাদারি প্রতিষ্ঠান চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি (এমবিইসি) ও নদীশাসনের কাজ করছে দেশটির আরেকটি প্রতিষ্ঠান সিনো হাইড্রো কর্পোরেশন। দুটি সংযোগ সড়ক ও অবকাঠামো নির্মাণ করেছে বাংলাদেশের আবদুল মোমেন লিমিটেড।

৬ দশমিক ১৫ কিলোমিটার দীর্ঘ এ বহুমুখী সেতুর মূল আকৃতি হবে দোতলা। কংক্রিট ও স্টিল দিয়ে নির্মিত হচ্ছে এ সেতুর কাঠামো। নির্মাণকাজ সম্পন্ন হওয়ার পর আগামী ২০২১ সালেই খুলে দেয়া হবে পদ্মা সেতু।

কুমারখালী ও ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় ২জন নিহত

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে তিন দিন না পার হতেই আবার ইটভাটার ইট বোঝাই লাটাহাম্বারের ধাক্কায় এক মোটরসাইকেল চালক নিহত হয়েছে। ঘটনাটি ঘটেছে উপজেলার তাহেরহুদা ইউনিয়নের নারায়নকান্দী গ্রামে বালু ব্যবসায়ী আক্তারের বাড়ীর সামনের রাস্তায়। মোটরসাইকেল চালক খলিলুর রহমান (৫০) পৌরসভার ৪নং ওয়ার্ড চিথলীয়াপাড়ার মৃত দেলশাদ লষ্করের ছেলে । সে পৌরসভার নৈশপ্রহরী হিসেবে কর্মরত ছিলো ।
মৃত খলিলের সাথে থাকা আহত পৌর কর্মচারী হাবিবুর রহমামান জানান বৃহস্পতিবার দুপুর ২টার দিকে পৌরসভার নৈশপ্রহরী খলিলুর রহমান মটরসাইকেলের কাগজপত্র আনার জন্য আলমডাঙ্গা শো-রুমে যাওয়ার পথে নারায়নকান্দী গ্রামের আক্তারের বাড়ীর সামনে পৌঁছালে বিপরীত দিকথেকে ইটবোঝাই ঘাষবিলা গ্রামের ভিভিবি ভাটার লাটাহাম্বার তাদের অন্যায় ভাবে ধাক্কাদিলে তারা আহত হয় ।

স্থানীয়রা তাদের উদ্ধার করে হরিণাকুন্ডু স্বাস্থ্য কমপ্লেক্সে আনলে খলিলুর রহমানের আবস্থার অবনতি হলে কর্তব্যরত ডাক্তার তাকে

কুষ্টিয়া সদর হাসপাতালে রেফার্ড করে কুষ্টিয়া যাওয়ার পথেই তার মৃত্যু হয়। এ ব্যাপারে হরিণাকুন্ডু থানা অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা জানান, উপজেলার নারায়নকান্দী বাজারের নিকটবর্তী স্থানে লাটাহাম্বা ও মোটরসাইকেল দুর্ঘটনায় পৌরসভার নৈশপ্রহরী খলিলুর রহমান আহত হয়, পরে কুষ্টিয়া নেওয়ার পথে তার মৃত্যু হয়। রিপোর্ট লেখা পর্যন্ত এঘটনায় থানায় মামলার প্রস্তুতি চলছিল।

গাংনী পৌরসভা নির্বাচনে সম্ভাব্য প্রার্থীরা দলীয় মনোনয়ন পেতে মরিয়া

দ্বিতীয় দফা পৌর নির্বাচনে আগামী ১৬ জানুয়ারী দেশের ৬১টি পৌরসভার মধ্যে মেহেরপুর জেলার মেয়াদোত্তীর্ণ গাংনী পৌরসভায় নির্বাচন অনুষ্ঠিত হবে।

গতকাল বুধবার নির্বাচন কমিশনের তফসিল ঘোষণার আগে থেকেই দেশের প্রধান দুই রাজনৈতিক দল ক্ষমতাসীন আওয়ামী লীগ ও ক্ষমতার বাইরে থাকা বিএনপি’র বেশ কিছু সম্ভাব্য প্রার্থী গাংনীর মাঠ চষে বেড়াচ্ছেন। দলীয় প্রতীক পেতে নিজেদের যোগ্য প্রমাণের পাশাপাশি নেতৃবৃন্দের সাথে লবিং অব্যহত রেখেছেন তারা। স্থানীয় নেতৃবৃন্দের পাশাপাশি কেন্দ্রীয় নেতাদের সাথেও বিভিন্নভাবে সাক্ষাত করে দলীয় প্রতীক নামক সোনার হরিণ সন্ধান করছেন এসব প্রার্থীরা।

বিভিন্ন সুত্রে জানা গেছে, গাংনী পৌরসভার বর্তমান মেয়র আশরাফুল ইসলাম, সাবেক মেয়র আহম্মেদ আলী, উপজেলা যুবলীগ সভাপতি মোশাররফ হোসেন, সহ-সভাপতি ও সাবেক ভারপ্রাপ্ত মেয়র নবীর উদ্দীন, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু ও সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেনের ব্যক্তিগত সহকারি সাইফুজ্জামান সিপু আওয়ামী লীগের সম্ভাব্য প্রার্থীতার জানান দিয়েছেন বেশ আগেই।

অপরদিকে প্রার্থীতা নিয়ে আলোচনায় থাকলেও মঙ্গলবার (০১ ডিসেম্বর) নিজের ফেসবুকে স্ট্যাটাস দিয়ে প্রার্থী হিসেবে দোয়া চেয়েছেন

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (2) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পরিচালক সমীর মল্লিক, সহকারী পরিচালক আব্দুল্লাহ আল সামী। অনুষ্ঠান পরিচালনা করেন ঝিনাইদহ শহর সমাজসেবা কর্মকর্তা মমিনুর রহমান।

অনুষ্ঠানে ঝিনাইদহ পৌরসভার সকল ওয়ার্ডের কাউন্সিলর, সুশীল সমাজের প্রতিনিধি, সাংবাদিকসহ নানা শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

সেমিনারে সমাজ সেবা কার্যালয়ের সেবাসমুহ আরও সহজীকরণ করতে অংশগ্রহণকারীদের সুপারিশ গ্রহণ করা হয়।